শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি

NILPHAMARI PALLI BIDYUT SAMITY

মুজিব শতবর্ষ

E-mail : nilpbs@gmail.com
Website: pbs.nilphamari.gov.bd
Facebook page: facebook.com/nilphamaripbs

স্মারক নং- ২৭.১২.৭৩৬৪.৫৫৪.০২.০০৮.২৩.৮১৫

তারিখঃ ২৬ ফাল্গুন' ১৪২৯ বঙ্গাঃ
১১ মার্চ' ২০২৩খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এ নিম্ন বর্ণিত শূন্য পদের বিপরীতে স্থায়ী ভিত্তিতে (শুধুমাত্র ক্রঃনং-০৫ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে) লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্তে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে জেনারেল ম্যানেজার, নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের ধরন | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | বয়সসীমা | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০২টি (কম/ বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো- ২০১৬ (সংশোধিত- ২০২১) মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) ০১/০৪/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।<br>(খ) জনপ্রশাসন মন্ত্রনালয়, বিধি-১ শাখা এর স্মারক নং- ০৫.০০.০০০০. ০১৭.২০-১৪৯, তারিখ- ২২/০৯/২০২২ খ্রিঃ অনুযায়ী যে সকল প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। | (ক) এস.এস.সি/ সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৫ এর মধ্যে ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীকে গণিতে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং অফিস যন্ত্রপাতিসমূহ পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) বাংলায় প্রতি মিনিটে নূন্যতম ১০ (দশ) ও ইংরেজিতে প্রতি মিনিটে নূন্যতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(ঘ) প্রার্থীকে অবশ্যই ভদ্র ও আন্তরিকভাবে জনসাধারণের সাথে কাজ/কথা বলার গুনাবলী সম্পন্ন হতে হবে।<br>(ঙ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে জামানত হিসেবে পবিসের অনুকূলে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান হবে।<br>(চ) প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে। | বাগেরহাট, বরিশাল, ভোলা, নঁওগা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, ফেনী, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, খুলনা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, লক্ষীপুর, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নেত্রকোনা, নোয়াখালী, পটুয়াখালী, রাজবাড়ী, রাজশাহী, সাতক্ষীরা, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, টাঙ্গাইল। |
| ০২. | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০২ (কম/ বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো- ২০১৬ (সংশোধিত- ২০২১) মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) ০১/০৪/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।<br>(খ) জনপ্রশাসন মন্ত্রনালয়, বিধি-১ এর স্মারক নং- ০৫.০০.০০০০.০১৭.২০-১৪৯, তারিখ- ২২/০৯/২০২২ খ্রিঃ অনুযায়ী যে সকল প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে | (ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ২.০০ (জিপিএ ৫.০০ এর মধ্যে) হতে হবে। কোনক্রমেই ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।<br>(খ) কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(গ) ওয়ার্ড প্রসেসিং,প্রিন্টিং, ই-নথি কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে ।<br>(ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজী ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক | বাগেরহাট, বরিশাল, ভোলা, নঁওগা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, ফেনী, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, খুলনা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, লক্ষীপুর, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নেত্রকোনা, নোয়াখালী, পটুয়াখালী, |

| ক্রঃ নং | পদের ধরন | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | বয়সসীমা | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| | | | | থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। | প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, নথিকরন, যোগাযোগ ও তথ্য সংরক্ষণ সম্পর্কে সঠিক জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনে দক্ষ/ সক্ষম হতে হবে।<br>(চ) যথাযথ ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সর্ম্পকে পর্যাপ্ত জ্ঞান সহ সুন্দর ও মনোরম কাজ করার ক্ষমতা থাকতে হবে। | রাজবাড়ী, রাজশাহী, সাতক্ষীরা, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, টাঙ্গাইল। |
| ০৩ | অফিস সহায়ক (পুরুষ) | ০১ টি (কম/ বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো- ২০১৬ (সংশোধিত- ২০২১) মোতাবেক ১৫,৫০০.০০ হতে ৩৯,১৭০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) ০১/০৪/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।<br>(খ) জনপ্রশাসন মন্ত্রনালয়, বিধি-১ এর স্মারক নং- ০৫.০০.০০০০.০১৭.২০- ১৪৯, তারিখ- ২২/০৯/২০২২ খ্রিঃ অনুযায়ী যে সকল প্রার্থীদের বয়স ২৫-০৩- ২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। | (ক) এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>(গ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন ও অবশ্যই সুঠাম দেহের অধিকারী সহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>(ঘ) বাই-সাইকেল চালানোর পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।<br>(ঙ) প্রার্থীতে দাপ্তরিক চিঠিপত্র আদান- প্রদান, পরিষ্কার-পরিচ্ছন্নতা, গৃহস্থলী এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে। | বাগেরহাট, বরিশাল, ভোলা, নঁওগা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ,চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, ফেনী, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, খুলনা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, লক্ষীপুর, মাদারীপুর,মাগুরা মানিকগঞ্জ,মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নেত্রকোনা, নোয়াখালী, পটুয়াখালী, রাজবাড়ী, রাজশাহী, সাতক্ষীরা, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, টাঙ্গাইল। |

| ক্রঃ নং | পদের ধরন | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | বয়সসীমা | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | ড্রাইভার | ০১ টি (কম/বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো- ২০১৬ (সংশোধিত-২০২১) মোতাবেক ১৬,৬০০.০০ হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ০১/০৪/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে সর্বোচ্চ ৪৫ বছর। বয়সের প্রমাণক হিসেবে পিএসসি/জেএসসি পরীক্ষা পাশের সার্টিফিকেটে উল্লিখিত বয়স গ্রহনযোগ্য হবে। | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ নূনতম ইংরেজি শব্দ ও সংখ্যা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, সাংকেতিক চিহ্ন বুঝা এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে।<br>(খ) প্রার্থীর বিআরটিএ হতে প্রদত্ত বৈধ ডাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।<br>(গ) প্রার্থীকে যে কোন সরকারি/আধা-সরকারি /বৃহৎ শিল্প প্রতিষ্ঠান/ বানিজ্যিক প্রতিষ্ঠানে স্বায়ত্ত্বশাসিত সংস্থা বা কমপক্ষে ৫ বছরের গাড়ী চালনা ও পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে যা ড্রাইভিং ইস্যুর তারিখ হতে গণনা করা হবে। বিগত ০৩ বছরে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনের সহিত দাখিল করতে হবে।<br>(ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, নম্র, সুস্বাস্থ্যর ও সন্তোষজনক ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>(ঙ) বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষ লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোট ধরনের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন আপ, সাধারণ রক্ষনাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>(চ) বাপবিবোর্ড/পবিস এর অনুমোদিত ডাক্তার কর্তৃক প্রার্থীর চোখের দৃষ্টি পরীক্ষাসহ স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | বাগেরহাট, বরিশাল, ভোলা, নঁওগা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, ফেনী, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, খুলনা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, লক্ষীপুর, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নেত্রকোনা, নোয়াখালী, পটুয়াখালী, রাজবাড়ী, রাজশাহী, সাতক্ষীরা, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, টাঙ্গাইল। |
| ০৫ | বিলিং সহকারী (কাজ নাই মজুরী নাই) মহিলাদের জন্য সংরক্ষিত (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে) | ১৭ টি (নিয়োগ প্রদান কালীন এ সংখ্যা কম অথবা বেশি হতে পারে।) | দৈনিক মজুরী ৮০০.০০ (আটশত টাকা) | ০১/০৪/২০২৩ খ্রিঃ তারিখে বয়স ১৮ হতে অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর এবং জনপ্রশাসন মন্ত্রনালয়, বিধি-১ এর স্মারক নং- ০৫.০০.০০০০.০১৭.২০-১৪৯, তারিখ-২২/০৯/২০২২ খ্রিঃ অনুযায়ী যে সকল প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। বয়সের প্রমানক হিসেবে এসএসসি সনদ পত্র বিবেচিত হবে। | (ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীর কম্পিউটারে ও গাণিতিক বিষয়ে ভাল জ্ঞান থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। | নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকায় স্থায়ী বসবাসকারী নীলফামারী জেলার নীলফামারী সদর, ডোমার, ডিমলা, জলঢাকা ও কিশোরগঞ্জ উপজেলার শুধু মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**সকল প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী**

০১। উল্লেখিত পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণকে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, সুটিপাড়া, নীলফামারী এর ওয়েবসাইট www.pbs.nilphamari.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট http://www.reb.gov.bd হতে A4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ পূর্বক যে কোন তফসিলী ব্যাংক এর যে কোন শাখা হতে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করে **আগামী ০১/০৪/২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে** জেনারেল ম্যানেজার, নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি সুটিপাড়া, নীলফামারী এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র (স্ব-হস্তে পূরণকৃত) প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

খ) কম্পিউটার প্রশিক্ষণে উত্তীর্ণ এর সনদ পত্র এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদ পত্রের সত্যায়িত ফটোকপি (ডাটা এন্ট্রি অপারেটর এবং বিলিং সহকারী (কাজ নাই মজুরী নাই) পদের জন্য প্রযোজ্য) ।

গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক পদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঙ) সাম্প্রতিক তোলা ছবির পিছনে প্রার্থীর নাম লিখা স্বম্বলিত ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

চ) চারিত্রিক সনদপত্র।

ছ) ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতার ফটোকপি (শুধুমাত্র ড্রাইভার পদে আবেদনকারীর জন্য প্রযোজ্য)

০৩। ১ম পাতায় বর্ণিত ছকে উল্লিখিত ০৫ টি পদের বিপরীতে প্রার্থীদের আবেদনের বয়সের বয়সসীমা নির্ধারিত হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে ''প্রযোজ্য নয়'' উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা জন্ম তারিখ, বয়স স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদনপত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য সম্পূর্ণ অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (ড্রাইভার পদের ক্ষেত্রে Dope Test Report সহ) দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যাথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন, পুলিশ ভেরিফিকেশন রির্পোট এবং ড্রাইভিং লাইসেন্স যাচই (পদ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে) সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে। (শুধুমাত্র ক্রঃনং ০৫ ব্যতিত অন্যন্য পদের ক্ষেত্রে)

০৭। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে প্রার্থীতা বাতিল করা হবে।

০৯। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১০। সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না । উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১২। শুধুমাত্র ক্রঃনং ০৫ ব্যতিত অন্যন্য পদের ক্ষেত্রে অত্র পবিসের ভৌগোলিক এলাকা অর্থাৎ নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই। ধারাবাহিক ভাবে নিয়োগে কোন জেলা কোটা পূর্ন হলে উক্ত জেলার আবেদনকারীর আবেদন বিবেচনা করা হবে না।

১৩। "বিলিং সহকারী" পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে কোন দাবীও গ্রহনযোগ্য হবে না। যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে। (শুধুমাত্র ক্রঃ নং ০৫ এর ক্ষেত্রে প্রযোজ্য)।

১৪। কোন কারন দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার নীলফামারী পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫। নিয়োগ পরীক্ষা যে তারিখ অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে **SMS** এর মাধ্যমে জানানো হবে।

১৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে যোগ্য প্রার্থী বাছাই করা হবে।

১৭। প্রার্থীকে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর যে কোন জোনাল/সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৮। ইতোপূর্বে যে কোন সংস্থা হতে অপসারিত ও বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতির বর্ণিত পদ হতে স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে প্রতারনা করে অথবা তথ্য গোপন করে আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১৯। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, অন্যান্য সনদপত্র এবং প্রযোজ্য সকল কাগজপত্রাদির মূল কপি দাখিল করতে হবে।

২০। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

২১। নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এবং কোটা সর্ম্পকিত নির্দেশনাবলী অনুসরণ করা হবে।

২২। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে।

২৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে (বিজ্ঞপ্তিতে উল্লেখিত/উল্লেখযোগ্য কোন তথ্য বাদ পড়ে থাকলে সকল ক্ষেত্রে) কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

11/03/23

(মোঃ সুলতান নাছিমুল হক)
জেনারেল ম্যানেজার।

<u>অনুলিপিঃ- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ )।</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নীলফামারী।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ, পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..................পবিস-১/২/৩।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। উপজেলা নির্বাহী অফিসার (নীলফামারী সদর, ডোমার, ডিমলা, জলঢাকা ও কিশোরগঞ্জ), নীলফামারী।
০৯। ডিজিএম, (কিশোরগঞ্জ/ডোমার/সদর-কারিগরী/জলঢাকা জোনাল অফিস), নীলফামারী পবিস।
১০। এজিএম, ডিমলা সাব-জোনাল অফিস, নীলফামারী -পবিস।
১১। এজিএম (প্রশাসন/ এমএস/ ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/আইটি),নীলফামারী পবিস।
১২। এজিএম (আইটি-১/২), নীলফামারী পবিস (বিজ্ঞপ্তি ফেসবুক ফেইজ ও ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন)।
১৩। নোটিশ বোর্ড, সদর দপ্তর, নীলফামারী পবিস।
১৪। অফিস কপি।

সদয় অবগতি ও বিজ্ঞিপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

11/03/23

(মোঃ সুলতান নাছিমুল হক)
জেনারেল ম্যানেজার।